তারিখ 04 MAR 2017
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

## চাপের মুখে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

# উগ্রপন্থী শিক্ষকদের মদদেই কিছু শিক্ষার্থী জঙ্গিবাদে

### বসুন্ধরা আবাসিক এলাকায় তাণ্ডব

- ভিডিও দেখে চিহ্নিত করা হচ্ছে হামলাকারী
- মদদদাতাদেরও খুঁজে বের করতে তৎপর আইন-শৃঙ্খলা বাহিনী




বসুন্ধরা আবাসিক এলাকাজুড়ে গতকালও ছিল নিরাপত্তা বাহিনীর সতর্ক প্রহরা। ছবি : কালের কণ্ঠ

নিজস্ব প্রতিবেদক ▷

জঙ্গিবাদের ঘাঁটি হিসেবে পরিচিতি পাওয়া বেসরকারি বিশ্ববিদ্যালয় নর্থ সাউথের অনেক শিক্ষক ও ছাত্র জঙ্গি সংগঠনের সঙ্গে জড়িত—এমন তথ্যের ভিত্তিতে এই বিশ্ববিদ্যালয়ে গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে। ব্লগার রাজীব হায়দার হত্যা, গুলশানের হলি আর্টিজান বেকারিতে হামলাসহ বেশ কয়েকটি চাঞ্চল্যকর ঘটনায় এই বিশ্ববিদ্যালয়ের কয়েকজন ছাত্র-শিক্ষকের জড়িত থাকার প্রমাণ মেলে। এসব ঘটনার পর বসুন্ধরা আবাসিক এলাকায় নিরাপত্তা জোরদার ও সন্দেহভাজনদের নজরদারির আওতায় আনা হয়। গ্রেপ্তার হয়েছে অনেক জঙ্গি ও জঙ্গির সহযোগী। প্রশাসনের এসব উদ্যোগে সব ধরনের সহায়তা করেছে রাজধানীর শান্তিপূর্ণ অভিজাত আবাসিক এলাকা বসুন্ধরা কর্তৃপক্ষ। এসব কারণেই জঙ্গিবাদের কেন্দ্র নর্থ সাউথের একটি গোষ্ঠী কোনো প্রকার উসকানি ছাড়া পরিকল্পিতভাবে বসুন্ধরায় তাণ্ডব চালিয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে এমনই সন্দেহ করা হচ্ছে। আর এসব বিষয় খতিয়ে দেখছেন পুলিশ, র‍্যাব ও গোয়েন্দা সংস্থার কর্মকর্তারা।

বসুন্ধরা আবাসিক এলাকায় ব্যাংক, রেস্টুরেন্ট, এটিএম বুথসহ বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানে নারকীয় হামলা ও লুটপাটে অংশগ্রহণকারী এবং নেপথ্য মদদদাতাদের খুঁজে বের করতে ইতিমধ্যে কাজ শুরু করেছে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। তদন্তের বিভিন্ন কৌশলের পাশাপাশি তারা সহায়তা নিচ্ছে ভিডিও ফুটেজের। গত বুধবার মধ্য রাতে এ্যাপোলো হসপিটালের পার্শ্ববর্তী গেটে আনসার সদস্যদের সঙ্গে নর্থ সাউথ ইউনিভার্সিটির ছাত্র শাহরিয়ার হাসনাত তপুর হাতাহাতির ঘটনা থেকে শুরু করে বৃহস্পতিবার দিনভর দফায় দফায় হামলার ভিডিও সংগ্রহ করা হচ্ছে।

সংশ্লিষ্ট ব্যক্তিরা জানিয়েছেন, শত শত

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৫